

৩য় অধ্যায়

সাফল্যগাথা

“আরডা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি.”

এলাকার দারিদ্র ও বেকার যুবকদের আর্থিক নিরাপত্তা ও আর্থিক স্বচ্ছতা ফিরিয়ে আনার লক্ষে গঠন করা হয় আরডা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি। ইতোমধ্যেই এই সমিতি লাভজনক ও উন্নয়নমুখী একাধিক কর্মসূচী গ্রহণ করে তা কার্যকর বাস্তবায়নের মাধ্যমে সমিতির সদস্যদের উজ্জীবিত ও সমৃদ্ধ করেছে। সমিতি তার সকল কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জাবাদিহীতা নিশ্চিত করার চেতনায় বিশ্বাসী বলে প্রতিমাসে নিয়মিত মাসিক সভার মাধ্যমে বিভিন্ন টেকসই লাভজনক প্রকল্প গ্রহণ ও দক্ষতার সাথে বাস্তবায়নসহ সমিতির সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করে সফলতার দ্বারগোড়ায় পৌঁছে গেছে।

সাধারণ তথ্যাবলী

মূল নিবন্ধন নং- ৫০৮, তারিখ-০৭/০২/২০১৩ খ্রি.

সংশোধিত নং- ২৫; তারিখ- ১১/০৮/২০২২ খ্রি.

গ্রাম- রায়কালী, ডাকঘর- রায়কালী, উপজেলা- আক্কেলপুর, জয়পুরহাট।

অর্থনৈতিক অবস্থা

নিজস্ব মূলধন-	৯,৬৫,৩৮৭/-
ধারকৃত মূলধন-	১,৮১,১৩,০১৮/-
কার্যকরী মূলধন-	১,৯০,৭৮,৪০৫/-
শেয়ার মূলধন-	৭,১০,৩০০/-
সঞ্চয় আমানত-	১,১২,৩৫,৫১৮/-
সংরক্ষিত তহবিল-	১,৫২,৯৮৯/-
অন্যান্য তহবিল-	১,০২,০৯৮/-
উন্নয়নে বিনিয়োগ-	১,৯২,৪৪,৫২৮/-
অস্থাবর সম্পত্তির মূল্য-	১,৬৬,৬৩৭/-

উন্নয়ন কর্মকাণ্ড

ক্ষুদ্র ঋণ প্রকল্প

সঞ্চয় প্রকল্প

দারিদ্র বিমোচন প্রকল্প

সামাজিক কর্মকাণ্ড

স্বাস্থ্য সেবা

উন্নয়নমূলক কর্মকাণ্ডে সাহায্য প্রদান

মাদ্রাসা, মসজিদ, দুঃস্থদের অনুদান প্রদান

যৌতুক প্রতিরোধ ও বাল্য বিবাহ প্রতিরোধ

সামাজিক কুসংস্কার দূরীকরণ

মাদক প্রতিরোধ

কন্যাদায়গ্রহস্থদের আর্থিক সাহায্য প্রদান।

কর্মসংস্থান সৃষ্টিতে অবদান

সমিতিতে সরাসরি কর্মসংস্থান- ০৮ জন, সমিতির মাধ্যমে স্ব-কর্মসংস্থান ৬৭৫ জন।

উল্লেখযোগ্য কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ

সদস্য সংখ্যা-

২০১৩ খ্রিষ্টাব্দে সমিতিতে ২০ জন সদস্য নিয়ে সমিতিটির পথচলা শুরু হয়। বর্তমানে অর্থাৎ ৩০/০৬/২০২৩ খ্রি. তারিখে সমিতির সর্বমোট সদস্য সংখ্যা ৯৬৭ জন। তন্মধ্যে পুরুষ ৪৮৭ জন, মহিলা ৪৮০ জন। সকল সদস্যই সমিতি হতে আর্থিকভাবে উপকৃত হচ্ছেন। সমিতির সদস্যগণ নিয়মিত শেয়ার, সঞ্চয় এবং নিয়মিত কর্তৃক পরিশোধ করছেন।

শেয়ার ও সঞ্চয় আমানত

সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমাণ ১,০০,০০,০০০/- টাকা। ৩০/০৬/২০২৩ খ্রি. তারিখে সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ৭,১০,৩০০/- টাকা এবং সমিতিতে সদস্যদের জমাকৃত সঞ্চয় আমানতের পরিমাণ ১,১২,৩৫,৫১৮/- টাকা। শেয়ার ও সঞ্চয় আদায়ের মাধ্যমে তাদের কার্যকরী মূলধন প্রতিবছর বৃদ্ধি পাচ্ছে।

সদস্যদের নিকট কর্তৃক দান

সমিতির সদস্যদের নিকট স্বল্পসুদে আপদকালীন সময়ে কর্তৃকদান করা হয়ে থাকে। ২০২২-২০২৩ অর্থবছরে কর্তৃক দান খাতে ২,০৬,৪০,০০০/- বিনিয়োগ করা হয় এবং ১,৭৯,৪৩,১৪৪/- টাকা কর্তৃক আদায় করা হয়। ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে সমিতির সদস্যদের নিকট কর্তৃকের আসল বাবদ ১,৬২,৫৬,৮৭৮/- টাকা বিনিয়োগিত রয়েছে। কর্তৃক গ্রহণ করে সদস্যগণ আর্থিকভাবে লাভবান হচ্ছে।

বার্ষিক সাধারণ সভা

প্রতি বছর নিরীক্ষা সম্পাদনের নির্ধারিত সময়ের মধ্যে সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে থাকে। সর্বশেষ বার্ষিক সাধারণ সভা ১৩/০৯/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। বার্ষিক সাধারণ সভায় সমিতির ৯২৮ জন সদস্য উপস্থিত ছিলেন। বার্ষিক সাধারণ সভায় সমিতির বার্ষিক আয় ব্যয় হিসাব/বাজেটসহ লভ্যাংশ বিতরণ অনুমোদন করা হয়ে থাকে।

নীট লাভ

২০২২-২০২৩ নিরীক্ষা বর্ষে সমিতির নিট লাভ হয় ৯১,৭৯৭/- টাকা। উক্ত সনে সদস্যগণকে সঞ্চয়ের মুনাফা বাবদ ১,২৫,৩৫০/- টাকা প্রদান করে সমবায় খাতে প্রশংসনীয় খ্যাতি অর্জন করেছে।

নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ

২০২১-২০২২ খ্রি. সনের নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত নিটলাভের উপর ধার্যকৃত সর্বোচ্চ নির্ধারিত নিরীক্ষা ফি ১০,০০০ টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল খাতে ৭,৬১৪/- টাকা পরিশোধ করে জাতীয় উন্নয়নে অংশীদার হয়ে অবদান রাখছে।

সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ

অত্র সমবায় সমিতি সামাজিক বিভিন্ন কর্মকাণ্ডে অংশ গ্রহণ করে থাকে। বিশেষ করে করোনাকালীন সময়ে দুঃস্থ মানুষদের মাঝে শুকনো খাবারসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী বিতরণ করেছে। এরূপ দুর্যোগকালীন সময়ে দুঃস্থ মানুষের দিকে সেবার হাত বাড়িয়ে সাহায্য সহযোগিতা করে থাকে।



পরিশেষে

আরডা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি. সমবায়ের মাধ্যমে “টেকসই উন্নয়ন লক্ষ্যে ২০৩০” বাস্তবায়নের জন্য কাজ করে যাচ্ছে এবং পরোক্ষভাবে সমবায়ের চেতনা সংক্রান্ত পদক্ষেপ গ্রহণ করছে।

-সমাপ্ত-